www.cbseboardonline.com

Series JBB **SET-4**

Code No. **7**

Roll No. | | | | | | | | |

Candidates must write the Code on the title page of the answer-book.

নোট		NOTE	
(I)	পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **11** ছাপা পৃষ্ঠা রয়েছে।	(I)	Please check that this question paper contains **11** printed pages.
(II)	প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে । উত্তরপুস্তিকার ওপর মুখ্য পাতার ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে ।	(II)	Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
(III)	পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **16** টি প্রশ্ন আছে ।	(III)	Please check that this question paper contains **16** questions.
(IV)	উত্তর শুরু করার আগে উত্তরপুস্তিকার প্রশ্নর ক্রমিক নং (Serial Number) লিখতে হবে ।	(IV)	Please write down the Serial Number of the question in the answer-book before attempting it.
(V)	প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে । 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে । 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে । এই সময়ে উত্তরপুস্তিকার কোন উত্তর লেখা চলবে না ।	(V)	15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

বাংলা

BENGALI

সময় : 3 ঘন্টা | *সর্বমোট অংক : 80*

Time allowed : 3 hours | *Maximum Marks : 80*

www.cbseboardonline.com

SECTION A

বোধ পরীক্ষণ

(Reading Comprehension)

1. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও। *1×5=5*

ওড়িশার কুলডিহা অভয়ারণ্যে যাওয়ার সময় একটু বেশি রাতের ট্রেনে বালেশ্বরে নেমে ঠাঁই হয়েছে স্টেশনের দোতলার রিটায়ারিং রুমে। তার বারান্দা থেকে পরদিন সকালবেলা অনেকদূরের নীল পর্বতমালা দেখে মনে পড়ল, ওই পাহাড়গুলোর মাথায় রাতে আগুন জ্বলতে দেখে একসময় এখানকার ইংরাজ কুঠিয়াল মিস্টার ম্যারিয়ট ভেবেছিলেন ওগুলো আগ্নেয়গিরি। কিন্তু ম্যারিয়টের ঘনিষ্ঠ বন্ধু কলকাতার টমাস মট, যাঁর নামে এখন ওয়েলিংটনের কাছে মট লেন হয়েছে, কথাটা বিশ্বাস করেন নি। কারণ ওঁর ভূগোলের জ্ঞানছিল যথেষ্ট। কোথায় আগ্নেয়গিরি থাকতে পারে আর কোথায় পারে না সেটা উনি ভালই জানতেন। তবু বন্ধু বলেছেন। আর নিজের বিস্তৃত অভিজ্ঞতায় উনি দেখেছেন প্রকৃতিতে অনেক আশ্চর্য ব্যাপারও ঘটে। তাই ১৭৬৫ সালের ২৭ এপ্রিল, সবকিছু নিজের চোখে দেখে সিদ্ধান্তে পৌঁছনোর জন্য মট উঠে পড়লেন নীলগিরি পাহাড়ের চূড়ায়। উঠে দেখলেন তাঁর অনুমানই ঠিক। আগ্নেয়গিরি দূর অস্ত্। শুকনো ডালপালার ঘষাঘষিতে আগুন জ্বলে দাবানল ছড়িয়েছে সারা পাহাড় জুড়ে। বুঝলেন এই আগুনটাকেই ম্যারিয়ট আগ্নেয়গিরি ভেবেছেন।

(a) লেখক কোন্ স্থানে যাওয়ার জন্য বেরিয়ে ছিলেন?

(b) দূর থেকে নীল পর্বতমালাকে দেখে তাঁর কী মনে হয়েছিলো?

(c) টমাস মট কে ছিলেন?

(d) তিনি কবে কী করেছিলেন?

(e) 'আগ্নেয়গিরি' পদটির ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করো।

2. নীচের অনুচ্ছেদটি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও । *1×5=5*

স্বপ্নভঙ্গের অভিব্যক্তি এক-একজনের কাছে এক-এক রকমের । হতাশা, বিষাদ, সংযমহীন রাগ – সবকিছুই হতে পারে । কিন্তু স্বপ্ন যদি ব্যক্তিগত চাওয়া-পাওয়ার সীমানা ছাড়িয়ে আরও বৃহৎ হয়, যদি তা দেশ-কেন্দ্রিক হয়, তাহলে আবেগের মাত্রা আরও বেশি হবে । বিশ্বকাপ ক্রিকেটে ভারতীয় দলকে নিয়ে ১৩৪ কোটি মানুষ যে আশায় বুক বেঁধেছিলেন, ক'দিন আগে নিউজিল্যান্ডের হাতে সেই আশার সমাপ্তি ঘটল । অতএব, স্বপ্নভঙ্গের যন্ত্রনাটাও যে কী নিদারুণ, তা উপলব্ধি করতে বিশেষ বেগ পেতে হয়না । আমাদের দেশের মানুষ ক্রিকেট নিয়ে বরাবরই আবেগপ্রবণ । দারিদ্র, বেকারত্ব, আর্থিক অসাম্যে মোড়া দেশটায় ক্রিকেটই তো আপামর জনগণের মুখে হাসি ফোটায় । আট থেকে আশি, সকলকে মন্ত্রমুগ্ধ করে রাখতে পারে । তাই কালে কালে ক্রিকেট আমাদের কাছে শুধু বিনোদন নয়, রীতিমতো অহংকার ও গর্বের বিষয় হয়ে উঠেছে । সুদূর ইংল্যান্ডেও তাই ভারতের ম্যাচে গ্যালারি নীল জার্সিতে ছয়লাপ থাকে । ধোনি-বিরাটরা এক-একজন অতিমানব হিশেবে পূজিত হন ।

(a) স্বপ্ন যদি দেশকেন্দ্রিক হয় তাহলে কী হয় ?

(b) বিশ্বকাপ ক্রিকেটে ভারতীয় দলকে নিয়ে যে আশা জেগেছিল তা কী ভাবে সমাপ্ত হলো ?

(c) ক্রিকেট কাদের মন্ত্রমুগ্ধ করে রাখে ?

(d) 'অতিমানব' হিশেবে পূজিত হন কারা ?

(e) 'অতিমানব' পদটির ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করো ।

3. নীচের অনুচ্ছেদটি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও । *1×5=5*

সোমশুক্লা এবার কথা কহিলেন, তাঁহার কন্ঠ একটু কাঁপিয়া গেল, — 'ময়ূরভদ্র, আমার এই শঙ্খ-কঙ্কণ আপনি গ্রহণ করুন । এটি সঙ্গে রাখবেন, আপনার কল্যাণ হবে ।' ক্ষণকাল নিশ্চল থাকিয়া ময়ুর সোমশুক্লার সম্মুখে নতজানু হইল, অঞ্জলিবদ্ধ হস্ত তাঁহার দিকে প্রসারিত করিল । সোমশুক্লা মণিবন্ধ হইতে কঙ্কণ খুলিয়া তাহার অঞ্জলিতে রাখিলেন । ময়ূর রুদ্ধস্বরে বলিল — 'দেবি, আমি আর কী বলব ? আমি — আমি —' । সোমশুক্লা অঙ্গুলি দিয়া তাহার ললাট স্পর্শ করিলেন, মৃদুস্বরে বলিলেন — 'এখন কিছু বলবেন না । আপনি ফিরে আসুন তারপর আপনার কথা আপনি বলবেন, আমার কথাআমি বলব । উদ্বেল হৃদয়ে ময়ূর মস্তক নত করিল । সোমশুক্লা প্রাসাদে ফিরিয়া গেলেন । নিজ কক্ষে গেলেন না, ক্ষণেক ইতস্তত করিয়া সীমন্তিনীর কক্ষের বাহিরে দ্বারের কাছে গিয়া দাঁড়াইলেন । ঘরে দীপ জ্বলিতেছে । চঞ্চরী উত্তেজিত হাসিমুখে মায়ের সম্মুখে বসিয়া আছে, সীমন্তিনী তাহাকে বস্ত্র অলংকারে সাজাইয়া দিতেছে । সীমন্তিনীর মুখ কঠিন কিন্তু তাহার দুই চক্ষু দিয়া আবেশে অশ্রুধারা ঝরিয়া পড়িতেছে । রাজকুমারী ছায়ার মতো দ্বারের নিকট হইতে সরিয়া গেলেন ।

(a) সোমশুক্লা ময়ূরভদ্রকে কী দিলেন ?

(b) ময়ূরভদ্র এর উত্তরে কী করলেন ?

(c) পরে সোমশুক্লা কোথায় গেলেন ?

(d) সেখানে গিয়ে সোমশুক্লা কী দেখলেন ?

(e) চলিত ভাষায় পরিবর্তন করো :

'চঞ্চরী উত্তেজিত হাসিমুখে মায়ের সম্মুখে বসিয়া আছে ।'

SECTION B

নির্মিতি (রচনা)

Writing (Composition)

4. প্লাস্টিক-এর ব্যবহার পরিবেশের কেমন ক্ষতি করে চলেছে এবং এর প্রতিকারের কিছু উপায় জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখো । *2+3=5*

অথবা

তোমার দাদা তোমাকে কিছু টাকা দিয়েছেন উৎসবের সময়ে জামাকাপড় কিনবার জন্য । তুমি সেই টাকা দিয়ে তোমার স্কুলের পাশেই কিছু গরীব ছেলেমেয়েদের বইখাতা ও ফল কিনে দিতে চাও-এই ইচ্ছার কথা জানিয়ে মাকে একটি পত্র লেখো ।

5. যেকোন ***একটি*** বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো । *1×5=5*

(a) পরিচ্ছন্নতাই ধর্ম

(b) 'জলই জীবন – জল বাঁচাও'

(c) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর – দ্বিশত-জন্মবার্ষিকী পালন

SECTION C

ব্যাকরণ

(Grammar)

6. সন্ধিবিচ্ছেদ বা সন্ধি করো । (***পাঁচটি***) *1×5=5*

(a) বি+ছেদ

(b) উজ্জ্বল

(c) পুরোহিত

(d) নিঃ+রোগ

(e) উদ্যোগ

(f) সংগীত

(g) শরৎ+চন্দ্র

7. সমাসবদ্ধ পদে পরিণত করো এবং সমাসের নাম লেখো । (***পাঁচটি***) *1×5=5*

(a) সমুদ্র থেকে হিমাচল পর্যন্ত ।

(b) যিনি জামাই তিনিই বাবু ।

(c) যা কাঁচা তাই মিঠে ।

(d) নদী ও নালা ।

(e) কূলের সমীপে ।

(f) সাধ্যকে অতিক্রম না করে ।

(g) পা থেকে মাথা পর্যন্ত ।

8. নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো । (***পাঁচটি***) *1×5=5*

(a) তার যে এমন মাথার ব্যামো তা কেউ কখনো জানত না । (সরল বাক্যে)

(b) কুকুরটার দিকে চেয়ে তার মুখের সামনে টুসকি দিতে লাগলেন । (যৌগিক বাক্য)

(c) উদ্যোগী পুরুষরাই লক্ষ্মীলাভ করে । (জটিল বাক্যে)

(d) বিনা দোষেই তার শাস্তি হল । (যৌগিক বাক্যে)

(e) লেখার পর যখন পড়ল, গায়ে কাঁটা দিয়ে উঠল তপনের । (সরল বাক্যে)

(f) থাকতে পারলে একবার তাঁর পায়ের ধুলো নিতাম । (জটিল বাক্যে)

(g) যদি মেঘ করে তাহলে বৃষ্টি হবে । (সরল বাক্যে)

9. নির্দেশ অনুযায়ী সাধু অথবা চলিত ভাষায় পরিবর্তন করো । (***পাঁচটি***) *1×5=5*

(a) আরো কিছু দিন তিনি চিতোর ঘিরে বসে থাকেন ইচ্ছা হলো । (সাধু ভাষায়)

(b) পারিলেও কী মানুষ তাহাকে রেহাই দিবে ? ধরিবে না ? (চলিত ভাষায়)

(c) এগিয়ে এসে, তাঁর পথরোধ করে দাঁড়ালাম । (সাধু ভাষায়)

(d) গাড়ি ছাড়িতে তখনও মিনিট পাঁচেক বিলম্ব ছিল — উঠিয়া বসিলাম । (চলিত ভাষায়)

(e) জানালাম যে সেদিন কেবল তামাশা দেখতেই গিয়েছিলাম । (সাধু ভাষায়)

(f) নিঃশব্দে নিজের ঘরে চলিয়া গেল, তারপর কাঁদিতে লাগিল । (চলিত ভাষায়)

SECTION D

সাহিত্য ও সহায়ক পাঠ

(Literature & Supplementary Reader)

10. 'প্রথম গল্পটি সম্পর্কে একেবারে আশা ছাড়া হয়ে গেছে, বিষন্ন মন নিয়ে বসে আছে, এমন সময় ঘটল সেই ঘটনা ।'

(a) কোন রচনা থেকে নেওয়া, লেখক কে ?

(b) কার লেখা কোন্ গল্পের কথা বলা হয়েছে ?

(c) 'ঘটল সেই ঘটনা' — কোন ঘটনা ঘটেছিল আলোচনা করো । *1+1+3=5*

অথবা

'নিশ্চয় ঠ্যাঙ্গাবে, কিন্তু আমাকে বাঁচানোর জন্য তো আমার মা আছে ।'

(a) উক্তিটি কোন্ রচনার, মূল গল্পটি কোন ভাষায় লেখা ?

(b) কে, কার প্রতি এই উক্তি করেছে ?

(c) 'ঠ্যাঙ্গাবে' কথার অর্থ কী ? কে, কাকে, কেন ঠ্যাঙ্গাবে ?

11. 'সব স্নেহ তাই উজাড় করে দিয়েছে বোধহয় ঘড়িটির উপর' — ব্যাখ্যা লেখো । *5*

অথবা

'একবারেই যা ঝেলে নেব তাতে আমার সারা বছর চলে যাবে ।'

12. সঠিক উত্তরটি বেছে লেখো । (MCQ) (***পাঁচটি***) *1×5=5*

(a) গল্প লেখার পর তপন প্রথম শোনাতে যায় –

- (i) মাকে
- (ii) মেজোকাকুকে
- (iii) ছোটোমাসীকে

(b) অবিনাশবাবু ছিলেন নামজাদা –

- (i) ব্যবসায়ী
- (ii) ডাক্তার
- (iii) উকিল

(c) আলোবাবু রোগীর ঘায়ে লাগান –

- (i) টিংচার আয়োডিন
- (ii) কার্বলিক অ্যাসিড
- (iii) তুলসীর মালা

(d) অমৃতের মতো ছেলে পেলে ইসাবের বাবা কতজনকে পালন করতে রাজি ?

(i) কুড়ি জনকে

(ii) একুশ জনকে

(iii) একশ জনকে

(e) পরমসুখ বলতে বিরাগীজি কী বুঝিয়েছেন ?

(i) সব আকাঙ্ক্ষা নিয়ে একজনের আপন হওয়া ।

(ii) সব দুঃখের বন্ধন থেকে মুক্ত হয়ে যাওয়া ।

(iii) সৃষ্টির সব ঐশ্বর্যকে পাওয়া ।

(f) 'অদলবদল' গল্পের লেখক হলেন –

(i) গুজরাতি

(ii) মারাঠি

(iii) পাঞ্জাবি

13. ব্যাখ্যা লেখো । *5*

'আমরাও তবে এই ভাবে
এ মুহূর্তে মরে যাব নাকি ?'

অথবা

সকালে প্রভাতফেরির সঙ্গে
ভোরের আজান
একাকারে মিলিয়ে যাচ্ছে ।

14. 'সহজ করে বাঁচা কি আর খাঁচাতে সম্ভব ?'

(a) কোন কবিতার অংশ, কবি কে ?

(b) 'খাঁচা' শব্দের অর্থ কী ? কেন সেখানে সহজ করে বাঁচা সম্ভব নয় ? *2+3=5*

অথবা

'আমি এখন হাজার হাতে পায়ে
এগিয়ে আসি, উঠে দাঁড়াই'

(a) পংক্তিটি কোন্ কবিতা থেকে নেওয়া ?

(b) "হাজার হাতে পায়ে" কথার অর্থ কী ? কবি কী জন্য এগিয়ে আসতে চান ?

15. 'সূর্যদেব এটি তোমায় দিয়ে গেছেন আর বলেছেন তুমি তাঁরই ছেলে ।'

(a) উক্তিটি কার কোন্ গল্পে আছে ?

(b) সূর্যদেব কাকে কী দিয়ে গেছেন ?

(c) ঘটনাটি বর্ণনা করো । *1+1+3=5*

অথবা

'তাঁর সমস্ত রাগ মাটির উপর মরা ভাইকে ছেড়ে রাজসিংহাসনে গোহের উপরে গিয়ে পড়ল ।'

(a) উক্তিটি কোন্ গল্প থেকে নেওয়া, লেখক কে ?

(b) কার রাগ গোহের উপর গিয়ে পড়ল ?

(c) কেন তিনি গোহের উপর রাগ করলেন ?

www.cbseboardonline.com

16. একটি বাক্যে উত্তর দাও । (***পাঁচটি***) *1×5=5*

(a) সুভাগা সূর্যদেবের কাছে কী-বর চাইলেন ।

(b) পুষ্পবতী কে ছিলেন ? তিনি কোথাকার রাজকন্যা ছিলেন ?

(c) মহারাজ নাগাদিত্য যখন মারা যান তখন রাজমহিষী কোথায় ছিলেন ?

(d) কোন দিনে শোলঙ্কিবংশের রাজকুমারী সখীদের নিয়ে খেলছিলেন ?

(e) ‘একলিঙ্গকা দেওয়ান’ বলতে কাকে বোঝায় ?

(f) সূর্যবংশের রাজারা কাদের হাতে রাজটীকা পরতেন ?

(g) যে ভিখারিনী বাপ্পাদিত্যকে ‘আজ কী আনন্দ’ গান শোনালে সে প্রকৃতপক্ষে কে ?